



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Bangladesh Madrasah Education Board, Dhaka.

নং বামাশিবো/সংস্থা/২৭০,

তারিখঃ ০৩/০৫/২০১৭ খ্রিঃ।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক ই-সেবা কার্যক্রমের আওতায় বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসার নামে উন্নয়নকৃত ওয়েব পোর্টালে নিজ নিজ মাদরাসার সংশ্লিষ্ট সকল তথ্য ও ছবি আগামী ১০/৫/২০১৭ তারিখের মধ্যে সংযোজন করত: ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত


জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা প্রধানকে জানানো যাচ্ছে যে, বোর্ড কর্তৃক ২০১৫ সালে বোর্ডের অধিভুক্ত প্রায় সাড়ে নয় হাজার মাদরাসায় ওয়েব পেজ খোলা হয়েছে। মাদরাসার ওয়েব পোর্টালগুলো উন্নয়নের জন্য ইতোপূর্বে একাধিকবার বোর্ড কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে অনুরোধ করা সত্ত্বেও অধিকাংশ মাদরাসাই ওয়েব পোর্টালে প্রয়োজনীয় তথ্য **Update** করেনি।

এমতাবস্থায় যে সব মাদরাসার ওয়েব পোর্টালে এখনো স্ব-স্ব মাদরাসার তথ্য ও ছবি ইনপুট করত: **Update** করা হয়নি, ঐ সকল মাদরাসা প্রধানকে আগামী ১০/০৫/২০১৭ তারিখের মধ্যেই জরুরি ভিত্তিতে নিম্নরূপভাবে ওয়েব পোর্টাল উন্নয়নের কার্যক্রম সম্পন্ন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

ওয়েব পোর্টালে লগ ইন ও কন্ট্রোল প্যানেলে প্রবেশ করার নিয়মাবলীঃ

- কম্পিউটার/ল্যাপটপ বা যে কোন উপযুক্ত ডিভাইসে মজিলা ফায়ার ফক্স অথবা গুগলক্রম ইন্টারনেট ব্রাউজারের এ্যাড্রেস বারে **EIIN.ebmeb.gov.bd** লিখে প্রবেশ করলে ঐ মাদরাসার ওয়েব পেজ ওপেন হবে। অর্থাৎ কোন মাদরাসার **EIIN** যদি **101214** হয়, তাহলে ঐ মাদরাসা ওয়েব পেজে প্রবেশ করতে হলে এ্যাড্রেস বারে লিখতে হবে, **101214.ebmeb.gov.bd** (www লিখার প্রয়োজন নাই)।
- ওয়েব পেজের তথ্য আপলোড (হালনাগাদ) করতে হলে ওয়েব পেজের বাম দিকে মাঝামাঝি স্থানে এডমিন প্যানেলে প্রবেশ করতে হবে। এডমিন প্যানেলে ক্লিক করলে পাসওয়ার্ড বক্সে পাসওয়ার্ড ইনপুট করতে হবে। পাসওয়ার্ড ঘরে অনলাইনে রেজিস্ট্রেশন এবং ফরম পূরণের জন্য বোর্ড থেকে যে পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে ঐ পাসওয়ার্ড দিলেই কন্ট্রোল প্যানেলে প্রবেশ করে প্রয়োজনীয় সকল তথ্য নির্ধারিত স্থানে ইনপুট করতে হবে।
- মাদরাসার মনোগ্রাম ও ছবি, অধ্যক্ষের বাণী, মাদরাসার ইতিহাস, শিক্ষক-কর্মচারীর নাম, পদবী, ছবি এবং জাতীয় সংগীতসহ দৈনন্দিন সমাবেশ ও জঙ্গিবাদকে নিরুৎসাহিত করে এমন কার্যক্রমের ছবি ইত্যাদি তথ্য যথাস্থানে **Upload** করতে হবে।
- প্রতি শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এন্ট্রি করতে হবে এবং দৈনন্দিন উপস্থিত অনুপস্থিত তথ্য নিয়মিতভাবে **Update** করতে হবে।
- প্রয়োজনে ওয়েব পেজে প্রদত্ত হেল্প লাইনের ৩টি মোবাইল নম্বরে প্রয়োজনে কথা বলে প্রয়োজনীয় সহযোগীতা নেয়া যাবে।
- যে সকল মাদরাসা ইতোপূর্বে বোর্ডে মাদরাসার নামে রেজিস্ট্রেশনকৃত ২টি মোবাইল নম্বর ও ই-সেবা ফি প্রদান করেননি ঐ সকল মাদরাসা প্রধানকে অবিলম্বে নির্ধারিত ছক পূরণ করত: ই-সেবা ফি ও ২টি মোবাইল নম্বর বোর্ডে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- আগামী ১০/০৫/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই স্ব-স্ব মাদরাসার উপরোক্ত ওয়েব পোর্টাল **Update** এর কাজ সম্পন্ন করতে হবে। ব্যর্থতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি অতীব জরুরি।


3/5/17
(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯৬১২৮৫৮।

অধ্যক্ষ/সুপার (বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা)

